

নং- প্রকাঃ এইচআরএমডিঃ ৩ঃ১ঃ৩ঃ৩ঃ৫/২০১৬-২০১৭/

তারিখঃ- ০১-১১-২০১৬ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ সেলিম, মুখ্য কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বরিশাল ইতোপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, গৌরনদী শাখায় উর্ধ্বতন কর্মকর্তা(মাঠ)হিসাবে ২৩-০৮-২০১০ হতে ০২-০৮-২০১৫ তারিখ পর্যন্ত দায়িত্ব পালনকালে নীতিমালা ভঙ্গ করে ঋণ মঞ্জুরীর সুপারিশ সংক্রান্ত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর শৃংখলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি, আত্মসাৎ ও প্রতারণামূলক অপরাধের জন্য বিভাগীয় মামলা নং-৪০/১৬-১৭ রুজুপূর্বক অত্র বিভাগের ২০-১২-২০১৬ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ ৩ঃ১ঃ ৩ঃ৩ঃ৫/২০১৬-২০১৭/১৯৮৭ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হয়েছিল। আপনি উহার জবাব দাখিল করেছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত বোর্ড নিয়োগ করেছিলেন ;

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক তথ্যাদি বিচার-বিশ্লেষণ পূর্বক আপনি জনাব মোঃ সেলিম আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক(কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১) (খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দণ্ডিত করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ এবং উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত অথবা বিকল্প গুরুদন্ড প্রদান করা হবে না এই মর্মে অত্র বিভাগের বিগত ৩১-১২-২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ ০৩ঃ১ঃ৩ঃ৩ঃ৫/২০১৬-২০১৭/২২৭৪ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনার বিরুদ্ধে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ সেলিম অত্র বিভাগের ৩১-১২-২০১৭ ইং তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি, আত্মসাৎ ও প্রতারণামূলক অপরাধের জন্য আপনাকে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব মোঃ সেলিম আপনাকে গুরুদন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এম্মণে সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ সেলিম আপনাকে ব্যাংকের চাকুরী হতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-


জনাব মোঃ সেলিম (এস-১৭৭৮)  
মুখ্য কর্মকর্তা।  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বরিশাল।

**স্বাক্ষরিত**  
(মোঃ জহির ইকবাল)  
উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকাঃ এইচআরএমডিঃ ৩ঃ১ঃ৩ঃ৩ঃ৫/২০১৬-২০১৭/ ১৭১০(৩)/  
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

তারিখঃ- ০১-১১-২০১৬ইং

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, বরিশাল।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করে কর্মী সংক্রান্ত ঘোষণাটি তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। উপ মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বরিশাল। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ সেলিম এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। ব্যবস্থাপক, বিকেবি, গৌরনদী শাখা, বরিশাল। অভিযোগ সংশ্লিষ্ট ঋণ কেইসগুলোর অনাদায়ী টাকা আদায়ের নিমিত্তে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য বিকেবি, গৌরনদী শাখাকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০৯। নথি / খসড়া নথি/ মহানথি।

  
০১/১১/২০১৬  
(মোঃ আব্দুর রউফ)  
সহকারী মহাব্যবস্থাপক